# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
# ময়মনসিংহ

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এর পোল্ট্রি ফার্মের দুইটি পুরাতন সেডের আংশিক যেখানে যে অবস্থায় আছে তার ভিত্তিতে নিম্নে বর্ণিত তথ্য অনুযায়ী দর উদ্ধৃতকারীদের মধ্যে সর্বোচ্চ মূল্যে বিক্রয় করা হবে। পোল্ট্রি সেড দুইটির বিবরণ নিম্নে দেয়া হলো।

পোল্ট্রি সেড নং ১: সেড সাইজ ২১৫'×২৭', উক্ত সেডের দক্ষিণ থেকে উত্তর দিকে ৪৪'×২৭' বাদ দিয়ে অবশিষ্টাংশ ১৭১'×২৭' বিক্রয়যোগ্য। তবে, সেড নং ১ এর উত্তর দিক থেকে দক্ষিণ দিকে ২২'×২৭' সেডের টিন ও গ্রিল ব্যতিত।

পোল্ট্রি সেড নং ২: সেড সাইজ ২৩৫'×২৭', উক্ত সেডের দক্ষিণ থেকে উত্তর দিকে ৪৪'×২৭' বাদ দিয়ে অবশিষ্টাংশ ১৯১'×২৭' বিক্রয়যোগ্য।

শর্তাবলী:

১। নিলাম বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের ১৪ দিনের মধ্যে স্ব-স্ব প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে এবং সিলগালা খামে মূল্য দাখিল করতে হবে।

২। নির্বাচিত প্রতিষ্ঠানকে কোষাধ্যক্ষ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এর অনুকূলে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় চত্ত্বরে অবস্থিত পূবালী ব্যাংক লিমিটেড হতে কার্যাদেশ প্রদানের পাঁচ (৫) দিনের মধ্যে উদ্ধৃত মূল্যের সমপরিমান টাকার ব্যাংক ড্রাফট সেড দুইটির মূল্য হিসাবে নিম্নস্বাক্ষরকারীর অফিসে জমা দিতে হবে।

৩। নির্বাচিত প্রতিষ্ঠানকে ব্যাংক ড্রাফট জমা প্রদানের সময় উদ্ধৃত মূল্যের উপর ৫% ভ্যাট এবং ৫% অগ্রিম আয়কর সরকারী ভ্যাট ও আয়কর অফিসে জমা দেয়ার মূল কাগজপত্র (টি.আর ফরম) নিম্নস্বাক্ষরকারীর অফিসে জমা দিতে হবে।

৪। ক্রয়কারী প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পোল্ট্রি সেড দুইটি ভেঙ্গে সমস্ত মালামাল আবর্জনাসহ বিশ্ববিদ্যালয় এর বাহিরে সরিয়ে নিতে হবে।

৫। পোল্ট্রি সেড দুইটির ক্রেতা ৪ নং ক্রমিকের শর্ত অনুযায়ী সেড সরিয়ে নিতে ব্যর্থ হলে তার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না এবং দাখিলকৃত ব্যাংক ড্রাফট এর সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।

৬। অফিস চলাকালীন সময়ে ক্রয়োচ্ছুক যে কেউ উপরে উল্লিখিত সেড দুইটি সরেজমিনে দেখতে পারবেন।

৭। সেড দুইটি বিক্রয়ের ক্ষেত্রে যে কোন বিষয়েই কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ড.মো: রবিউল ইসলাম
অতিরিক্ত পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা
ও সদস্য-সচিব
পোল্ট্রি সেড এর মূল্য নির্ধারণ এবং নিলামে
বিক্রয়ের জন্য গঠিত কমিটি